বার্ষিক প্রতিবেদন ২০২০ ২০২১ এর সংযুক্তিসমূহ
কার্যালয়ের নাম: উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ


সংযুক্তি-১ এর ছবিসমূহ:



সংযুক্তি ১ এর ১: বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০২১ এর প্রতিপাদ্য সহ কার্যালয়ে ড্রপডাউন ব্যানার টানানো হয়



সংযুক্তি ১ এর ২: বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০২১ কার্যালয়ের ডিজিটাল ডিসপ্লেতে সপ্তাহব্যাপী শিশুশ্রম নিরসন বিষয়ক সচেতনতামূলক ভিডিও চিত্র ও ডকুমেন্টারি প্রচার



সংযুক্তি ১ এর ২: বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০২১ কার্যালয়ের ডিজিটাল ডিসপ্লেতে সপ্তাহব্যাপী শিশুশ্রম নিরসন বিষয়ক সচেতনতামূলক ভিডিও চিত্র ও ডকুমেন্টারি প্রচার




সংযুক্তি ১ এর ৩ এর ১: বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০২১ এর প্রতিপাদ্য সহ বিভিন্ন শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের মূল ফটকে দিবসের প্রতিপাদ্য সহ ব্যানার টানানো হয়




সংযুক্তি ১ এর ৩ এর ২: বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০২১ এর প্রতিপাদ্য সহ বিভিন্ন শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের মূল ফটকে দিবসের প্রতিপাদ্য সহ ব্যানার টানানো হয়।

## সংযুক্তি-২ এর ছবিসমূহ:



সংযুক্তি ২ এর ১ এর ১: স্বাস্থ্যবিধি মেনে চলতে ওরিয়ন নীট টেক্সটাইল লি কারখানার শ্রমিকদেরকে শ্রম পরিদর্শক জনাব মো আব্দুল্লাহ আল মামুন ও নন্দন চক্রবর্তী কর্তৃক উদ্বুদ্ধকরণ



সংযুক্তি ২ এর ১ এর ২: শ্রম পরিদর্শক জনাব মো আব্দুল্লাহ আল মামুন ও খালিদ হাসান কর্তৃক বিশেষ পরিদর্শন



সংযুক্তি ২ এর ১ এর ৩: শ্রম পরিদর্শক জনাব মো আব্দুল্লাহ আল মামুন কর্তৃক বিশেষ পরিদর্শন



সংযুক্তি ২ এর ২ এর ১: কার্যালয়ের আঙ্গিনায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) ময়মনসিংহ এবং উপমহাপরিদর্শক জনাব মো: বুলবুল আহমেদ কর্তক বক্ষরোপন





সংযুক্তি ২ এর ২ এর ২: এসকিউ সেলসিয়াস লি জামিরদিয়া ভালুকা ময়মনসিংহ কারখানার আঙ্গিনায় সহকারী মহাপরিদর্শক জনাব আহমাদ মাসুদ কর্তৃক বৃক্ষরোপন



সংযুক্তি ২ এর ২ এর ৩: প্যাসিফিক কটন লি জামিরদিয়া ভালুকা ময়মনসিংহ কারখানার আঙ্গিনায় শ্রম পরিদর্শক জনাব মো খালিদ হাসান কর্তৃক বৃক্ষরোপন



সংযুক্তি ২ এর ২ এর ৪: এনভয় টেক্সটাইলস লি জামিরদিয়া ভালুকা ময়মনসিংহ কারখানার আঙ্গিনায় শ্রম পরিদর্শক জনাব মোহাম্মদ মোকছেদুল হাসান কর্তৃক বৃক্ষরোপন



সংযুক্তি ২ এর ৩: কার্যালয়ের ভবনের সামনের দেয়ালে ডিজিটাল ডিসপ্লে স্থাপন

## সংযুক্তি-২ এর ছবিসমূহ:




সংযুক্তি ২ এর ৪ এর ১: উপমহাপরিদর্শকের কার্যালয় ময়মনসিংহ কর্তৃক শ্রমিকদের জন্য কোভিড ১৯ এর টিকা নিবন্ধন সহায়তা ডেস্ক চালুকরণ




সংযুক্তি ২ এর ৪ এর ১: উপমহাপরিদর্শকের কার্যালয় ময়মনসিংহ কর্তৃক শ্রমিকদের জন্য কোভিড ১৯ এর টিকা নিবন্ধন সহায়তা ডেস্ক চালুকরণ বিষয়ক প্রচার



সংযুক্তি ২ এর ৪ এর ৩: শ্রম পরিদর্শক জনাব মো আব্দুল্লাহ আল মামুন কর্তৃক কারখানার শ্রমিকের টিকা নিবন্ধনপূর্বক টিকা নিবন্ধন কার্ড হাতে তুলে দেওয়া হচ্ছে।




সংযুক্তি ২ এর ৫ এর ১: কার্যালয়ের ডে কেয়ার সুসজ্জিতকরণ



সংযুক্তি ২ এর ৫ এর ২: কার্যালয়ের ডে কেয়ার সুসজ্জিতকরণ



সংযুক্তি ২ এর ৫ এর ৩: কার্যালয়ের সুসজ্জিত ডে কেয়ারে সহকর্মীদের শিশুদের প্রাণচাঞ্চল্য ও খেলাধুলা



সংযুক্তি ২ এর ৫ এর ৪: কার্যালয়ের সুসজ্জিত ডে কেয়ারে সহকর্মীদের শিশুদের প্রাণচাঞ্চল্য ও খেলাধুলা

সংযুক্তি-৩ এর ছবিসমূহ:




সংযুক্তি ৩ এর ১: ক্রাইসিস কমিটি কর্তৃক কারখানা পরিদর্শন



সংযুক্তি ৩ এর ২: ক্রাইসিস কমিটি কর্তৃক কারখানা পরিদর্শন



সংযুক্তি ৩ এর ৩: ক্রাইসিস কমিটি কর্তৃক পরিদর্শন



সংযুক্তি ৩ এর ৪: ক্রাইসিস কমিটির ভার্চুয়াল (জুম) সভা

সংযুক্তি-৪ (কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রণয়নের লক্ষ্যে উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহের কার্যক্রমের সরসংক্ষেপ):

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয় ময়মনসিংহ অধিদপ্তরের ভিশন ও মিশন বাস্তবায়নের লক্ষ্যে সিটিজেন চার্টার অনুযায়ী এবং প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক কার্যালয়ের ০৬ টি পরিদর্শন টিম কর্তৃক ময়মনসিংহ বিভাগের ০৪ টি জেলার তথা ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা ও জামালপুর জেলার বিভিন্ন কারখানা, বাণিজ্য ও শিল্প প্রতিষ্ঠান এবং দোকানসমূহ নিয়মিত পরিদর্শন, পুনপরিদর্শন, শ্রম আইন সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মালিক ও শ্রমিক প্রতিনিধিদের সাথে উদ্বুদ্ধকরণ সভার মাধ্যমে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও তদ্বীয় বিধিমালা বাস্তবায়ন কার্যক্রম অব্যাহতভাবে চলছে।

বিগত ২০২০-২০২১ অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৮২১ টি (আরএমজি ও নন আরএমজি) কারখানা-প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়, যা মোট এপিএ লক্ষ্যমাত্রার ১১৩ দশমিক ৮১ শতাংশ। আলোচ্য অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা মোতাবেক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, শিশুশ্রম নিরসন প্রভৃতি বিষয়ে সংশ্লিষ্টদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোট ৫০ টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হয়, পরিদর্শন ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ৭২ টি কারখানা-প্রতিষ্ঠান কমপ্লায়েন্স নিশ্চিত করা হয়, ১০ টি কারখানা প্রতিষ্ঠানে সেফটি কমিটি গঠন করা হয় এবং ২০২০-২০২১ অর্থ বছরে ৬ টি কারখানায় নতুন ডে-কেয়ার প্রতিষ্ঠা করা হয়। এছাড়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ লংঘনের দায়ে ১১৯ টি কারখানা-প্রতিষ্ঠান ও দোকান কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে। এসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন সম্পন্ন করা হয়েছে।
আলোচ্য অর্থবছরে বিভিন্ন সেক্টরের কারখানা-প্রতিষ্ঠানকে নিবন্ধনের ক্ষেত্রে ৮৫০ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৮৩ টি কারখানা-প্রতিষ্ঠানকে নতুন নিবন্ধনের আওতায় আনা হয়, যা লক্ষ্যমাত্রার ১০৩ দশমিক ৮৮ শতাংশ। রাজস্ব আদায়ের ৩৫,০০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকার লক্ষমাত্রার বিপরীতে লক্ষ্যমাত্রার ১০৫ দশমিক ৫৮ শতাংশ অর্জনস্বরূপ নতুন লাইসেন্স প্রদান ও নবায়নের মাধ্যমে মোট ৩৬,৯৫,৫৮৪ (ছত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত চুরাশি) টাকার রাজস্ব আদায়পূর্বক রাষ্ট্রীয় কোষাগারে জমা করা হয়েছে।

২০২০-২০২১ অর্থ বছরে প্রাপ্ত ৯৭ টি অভিযোগের মধ্যে শতভাগ অভিযোগ নিষ্পন্ন করা হয়। এরমধ্যে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১২৪(ক) ধারা মোতাবেক আপোষ মিমাংসার মাধ্যমে ২৫ টি অভিযোগ নিষ্পন্ন করে সংশ্লিষ্ট সেবাপ্রার্থীদেরকে মোট ৭,৮০,৫৮৩ টাকার আইনানুগ সুবিধা পাওয়ার ব্যবস্থা করে দেওয়া হয়।
তাছাড়া এ দপ্তরের কল্যাণমূলক তৎপরতায় ২০২০-২০২১ অর্থবছরে মোট ৫২ টি কারখানার ৫৭৮ জন নারী শ্রমিক ১,৭১,৬৭, ৮৬৮ (এক কোটি একাত্তর লক্ষ সাতষট্টি হাজার আটশত আটষট্টি) টাকার মাতৃত্বকল্যাণ সুবিধা হিসেবে গ্রহণ করতে সমর্থ হয়।

ঝুঁকিপূর্ণ সেক্টর হতে শিশুশ্রম নিরসন সংক্রান্ত এ দপ্তরের লক্ষ্যমাত্রা হিসেবে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, বেকারী ও বিস্কুট, হোটেল এন্ড রেস্টুরেন্ট, প্লাস্টিক, ইট ও পাথর ভাঙ্গা এবং অটোমোবাইল ওয়ার্কসপ সেক্টর তথা মোট ০৬ টি ঝুঁকিপূর্ণ সেক্টরের ১৬০২ টি কারখানা-প্রতিষ্ঠানে শিশুশ্রম সংক্রান্ত পরিদর্শন করে প্রাপ্ত ৪৪৩ জন শিশুশ্রমিকের মধ্যে ২৫১ জনকে শ্রম হতে প্রত্যাহার করা হয়। সেক্টর ভিত্তিক শিশুশ্রমের তালিকা সংশ্লিষ্ট জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির নিকট প্রেরণ করা হয়। বিদ্যালয়গামী ও পড়ালেখা থেকে ঝড়েপড়া শিশুশ্রমিকদের বিদ্যালয়ে ফিরিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের লক্ষ্যে বিভিন্ন জেলার জেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহে বিদ্যালয়গামী শিশুদের তালিকা প্রেরণ করা হয়। শিশুশ্রম নিরসনে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উপজেলায় ৩৫ টি উদ্বুদ্ধকরণ সভা করা হয় এবং ২২ টি কারখানা/প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। শিশুশ্রম নিরসন সংক্রান্ত এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন ও মুজিববর্ষে ময়মনসিংহ বিভাগকে শিশুশ্রম মুক্ত করতে কার্যক্রম চলমান রয়েছে।

ময়মনসিংহ ও নেত্রকোণা জেলার বিভিন্ন উপজেলার অসহায় শ্রমিকদের চিকিৎসা ও তাদের সন্তানদের শিক্ষা সহায়তা বাবদ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আর্থিক অনুদানের চেকের মাধ্যমে ৯৬ জন সুবিধা গ্রহীতার মাঝে ২৮ লক্ষ ৮০ হাজার টাকার অর্থ বিতরণ করা হয়।

এ দপ্তরের পরিদর্শকগণের কর্মদক্ষতা, একাগ্রতা ও আন্তরিক প্রচেষ্টা এবং অন্যান্য সরকারি দপ্তরের সাথে সুসমন্বয়ের মাধ্যমে কার্যালয়ের অধিক্ষেত্রাধীন কারখানা প্রতিষ্ঠানের বর্তমান শ্রম পরিস্থিতি বিগত যেকোন সময়ের তুলনায় ভালো রয়েছে। সংশ্লিষ্ট সকল অংশীজনের সাথে অত্র দপ্তরের সঠিক যোগাযোগ ও পারস্পারিক শ্রদ্ধাবোধের কারণে এ দপ্তরের প্রতি মালিক-শ্রমিক পক্ষের আস্থা বৃদ্ধি পেয়েছে বিধায় প্রতিটি শ্রম অসন্তোষ কারখানা পর্যায়েই নিরসন সম্ভব হয়েছে।
বিভিন্ন কারখানার স্বাস্থ্যবিধি প্রতিপালন, সময়মত শ্রমিকদের মুজরী ও ভাতাদি পরিশোধের বিষয়সহ সামগ্রিক বিষয় তদারকির জন্য এ দপ্তরের আওতাধীন কর্ম-এলাকার জন্য গঠিত আঞ্চলিক ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক প্রয়োজন অনুসারে পরিদর্শন করা হয়েছে। যে সকল কারখানায় ঈদুল ফিতর/২০২১ এর প্রাক্কালে শ্রমিকদের মজুরী ও উৎসব ভাতা প্রদান না করার আশংকা ছিল সেসব কারখানার মালিক

ও শ্রমিক প্রতিনিধিদের সাথে কমিটি নিয়মিত সভা করে আশংকা দূরীভূত করা হয়েছে। অত্র দপ্তর ও উক্ত কমিটির শ্রমিক প্রতিনিধির প্রত্যক্ষ সহায়তায় ঈদুল ফিতর/২০২১ এর পূর্বে একটি কারখানার শ্রম অসন্তোষ নিরসন করা হয়।

উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহের বিশেষ কার্যক্রমের অংশ হিসেবে শিল্প কারখানা ও প্রতিষ্ঠান পর্যায়ে কোভিড-১৯ এর সংক্রমন প্রতিরোধে প্রণীত কোভিড গাইডলাইন মোতাবেক স্বাস্থ্যবিধি পর্যবেক্ষণের লক্ষ্যে মোট ৮৬১ টি (আরএমজি ও নন আরএমজি) কারখানা-প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়, যা ২০২০-২০২১ অর্থবছরের মোট পরিদর্শন ১৮২১ এর ৪৭.২৮ শতাংশ। মুজিববর্ষ উপলক্ষ্যে ইতোমধ্যে কার্যালয়ের নিজস্ব আঙ্গিনা ও ১৩ টি কারখানায় বিভিন্ন জাতের ফলজ, বনজ ও ওষধি বৃক্ষের মোট ২৫১ টি চারা রোপন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম সম্পর্কিত কর্মকান্ড, স্বাধীন বাংলাদেশের অভ্যূত্থানে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক গৃহীত নানাবিধ উদ্যোগ ও কর্মকান্ড সম্পর্কে এবং শিশুশ্রম নিরসন বিষয়ক সরকারের লক্ষ্য প্রচার ও এ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কার্যালয়ের ভবনের সামনের দেয়ালে ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হয়েছে। উক্ত ডিজিটাল ডিসপ্লেতে নিয়মিত বিভিন্ন ডকুমেন্টারি ও সচেতনতামূলক ভিডিও চিত্র প্রচার চলমান রয়েছে। এ দপ্তরের অন্যতম বিশেষ উদ্যোগ হিসেবে বিভিন্ন প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকদের বিশেষকরে বয়স্ক-স্বল্প শিক্ষিত-পড়াশোনা না জানা শ্রমিকদের কোভিড-১৯ এর টিকা গ্রহণ সহজতর করতে টিকা নিবন্ধন সহায়তা ডেস্ক চালু কার হয়েছে এবং শ্রমিকদের টিকা নিবন্ধন করে দেওয়ার কার্যক্রম চলমান আছে। এছাড়া কার্যালয়ের নারী সহকর্মীসহ সকল সহকর্মীর শিশু সন্তানদের জন্য কার্যালয়ের ৩য় তলায় প্রতিষ্ঠিত ডে-কেয়ারটিতে শিশুবান্ধব পরিবেশ তৈরী করতে উপযুক্ত উপকরণ দ্বারা সুসজ্জিত ও সমৃদ্ধ করা হয়েছে।

বিগত সময়ের ন্যায় বিভিন্ন পর্যায়ের কারখানা ও প্রতিষ্ঠানসমূহে শোভন ও নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টিতে, কারখানা-প্রতিষ্ঠানে কমপ্লায়েন্স নিশ্চিতকরণে এবং বিভিন্ন কল্যাণমূলক কাজের মাধ্যমে অংশীজনদের আস্থা অর্জনে এ দপ্তরের কার্যক্রম অব্যাহত থাকবে।